



বেসিক ব্যাংক পিএলসি.

সমৃদ্ধির পথে মানুষের সাথে
সত্তাভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

বাবুবাজার শাখা, ঢাকা।

(অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারা মোতাবেক সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে)

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক পিএলসি, বাবুবাজার শাখা, ঢাকা এর ঋণগ্রহীতা/বিবাদী/দায়িক 'গাউছিয়া এক্টারপ্রাইজ' স্বত্বাধিকারি: মোঃ মিলন শেখ, পিতা- মরহুম ইয়াছিন শেখ, মাতা-মরহুমা সাজেদা খাতুন, ব্যবসায়িক ঠিকানা: ফয়েজুদ্দিন প্লাজা, ১৪, সৈয়দ হাসান আলী লেন, বাবুবাজার, থানা-বংশাল, ঢাকা-১১০০, বর্তমান ঠিকানাঃ ৯, জুরিয়াটুলী লেন, ডাকঘর সদরঘাট, থানা-সূত্রাপুর, ঢাকা, স্থায়ী ঠিকানা: কুমারভোগ, পোঃ কুমারভোগ, থানাঃ লৌহজং, জিলাঃ মুন্সীগঞ্জ বেসিক ব্যাংক পিএলসি, বাবুবাজার শাখা, ঢাকা এর নিকট হইতে সিসি (হাইপো) এবং মেয়াদী ঋণ গ্রহন করিয়াছিলেন। উক্ত ঋণের বিপরীতে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধকী দলিলমূলে বন্ধক করিয়াছিলেন। বেসিক ব্যাংক পিএলসি, বাবুবাজার শাখা, ঢাকা (ডিক্রিদার-ব্যাংক) অর্থক্ষণ মোকদ্দমা নং-৭৪/২০১৭ দায়ের করিয়া এবং উক্ত মোকদ্দমায় রায় ও ডিক্রী প্রাপ্ত হইয়া এবং সেই আদালতে বিগত ১৩/০৮/২০১৬ ইং তারিখ পর্যন্ত পাওনা সর্বমোট ৮৫,৬০,৭৫৭.৭৪ (পঁচাশি লক্ষ ষাট হাজার সাতশত সাতাল্ল টাকা চুয়ান্ন পয়সা) মাত্র আদায়ের লক্ষ্যে অর্থজারী মোকদ্দমা নং-৭০/২০১৮ তাইদাদ মূল্য সর্বমোট ১,০২,৪৭,৮১৫.২৮ (এক কোটি দুই লক্ষ সাতচল্লিশ হাজার আটশত পনের টাকা আটশ পয়সা) মাত্র দায়ের করিয়া অর্থক্ষণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক উক্ত টাকা এবং উক্ত টাকা আদায় হওয়া কালতক পর্যন্ত সময়ের জন্য ডিক্রীকৃত টাকার উপর প্রযোজ্য সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ত্ব দখলীয় নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি দখল ভোগের এবং বিক্রয়ের অধিকার লাভ করিয়াছেন এবং বিগত ২৩/০৭/২০১৯ ইং তারিখে বিজ্ঞ অর্থক্ষণ আদালত নং-১, ঢাকা ডিক্রিদার ব্যাংকের বরাবরে একথানা সার্টিফিকেট ইস্যু করিয়াছেন। ফলে ডিক্রিদার-ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রিজারীকৃত টাকা এবং নিলামকাল পর্যন্ত সুদ ও আনুসঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ০৫/১১/২০২৬ইং তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক পিএলসি, বাবুবাজার শাখা, ঢাকায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রি ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

শর্তসমূহ

১. প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।
২. দরপত্র আগামী ০৫/১১/২০২৬ ইং তারিখ অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক পিএলসি, বাবুবাজার শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।
৩. প্রত্যেক দরদাতা উদ্বৃত্ত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০% উদ্বৃত্ত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা আমানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে "বেসিক ব্যাংক পিএলসি, বাবুবাজার শাখা, ঢাকা" এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
৪. অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ক্রটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
৭. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।
৮. নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
৯. কোন কারন দর্শনো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

তফসিল- "খ"

জেলা- ঢাকা, থানা- ও সাব রেজিস্ট্রি অফিস- সূত্রাপুর অধীন, ঢাকা কালেক্টরীর তৌজিভুক্ত মৌজা সাবেক শহর ঢাকা, হালে ওয়ারীস্থ সি.এস ওয়ার্ড নং-৩, সিট নং-৪৯, এস.এ সিট নং-২, সি.এস খতিয়ান নং ৫৮৬২ খ, সি.এস দাগ নং- ৩৫০, এস এ খতিয়ান নং-৩৮৮, এস.এ দাগ নং ১০৮৪, আর. এস খতিয়ান নং ৬২১, আর. এস দাগ নং ৯৩৮, ঢাকা সিটি জরিপ খতিয়ান নং ১৯৯৪, ঢাকা সিটি জরিপ দাগ নং-৬৭৭১, ঢাকা সিটি জরিপ নামজারী খতিয়ান নং ৭১৭০, জোত-১৪/৩৬ মোট সম্পত্তির পরিমাণ ৫১০ (পাঁচশত দশ) অশ্রুতাংশ, ইহার কাতে অবিভাজ্য, অবিভক্ত ও অচিহ্নিত ৩০ (ত্রিশ) অশ্রুতাংশ ভূমি এবং সাকুল্য সম্পত্তির উপর নির্মিত ৬ (ছয়) তলা বিশিষ্ট পাকা ইমারতের তৃতীয় তলার ১০১৮ বর্গফুট পরিমিত ২/বি নং ফ্লাট সহ যাবতীয় এজমালি সুবিধাদি তফসিল বর্ণিত সম্পত্তি বটে, যাহার ডি সি সি হোল্ডিং নং- ৯, জুরিয়াটুলী লেন, কোতোয়ালি, ঢাকার অংশ এবং যাহার সাকুল্য সম্পত্তির উত্তরে- হাজী রুহুল আমিন গং, দক্ষিণে হাজী মোঃ ইউসুফ গং পূর্বে-মরহুম মোঃ খোরশেদ এবং পশ্চিমে- সরকারি রাস্তা।

উপ মহাব্যবস্থাপক ও শাখা প্রধান

বাবুবাজার শাখা ৫৬, মিটফোর্ড রোড, বাবুবাজার শাখা, ঢাকা।

দৈনিক ইত্তেফাক

দৈনিক সময়ের আলো

০৭/১০/২৬ইং